**AKASHVANI(AIR)**
**RNU:KOLKATA**
**BengaliText Bulletin**

**Date 07-12-2025** **Time: 7.50 P.M.**

---

## বিশেষ বিশেষ খবরঃ-

১) ভোটার তালিকায় যোগ্য ভোটদাতাদের নাম থাকা সুনিশ্চিত করতে প্রতিটি বুথের বিএলও-দের সঙ্গে বিএলএ-টু-দের বৈঠক সেরে ফেলার নির্দেশ দিয়েছেন রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক।

২) মাধ্যমিকের রেজিস্ট্রেশন নির্দিষ্ট সময়ে না করায়, বেশ কিছু স্কুলকে মধ্য শিক্ষা পর্ষদ জরিমানা করেছে।

৩) কলকাতার ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে আজ পাঁচ লক্ষ কণ্ঠে গীতাপাঠের এক বিশেষ কর্মসূচীর আয়োজন করা হয়।

৪) লোকসভায় আগামীকাল বন্দেমাতরমের সার্ধশততম বার্ষিকী নিয়ে একটি বিশেষ আলোচনা শুরু হবে।

৫) উত্তুরে বাতাসের অবাধ প্রবেশে রাজ্য জুড়ে প্রায় সর্বত্রই সর্বনিম্ন তাপমাত্রা স্বাভাবিকের নিচে।

৬) গোয়ার ফতোরদা স্টেডিয়ামে সুপারকাপ ফুটবল ফাইনালে ইস্টবেঙ্গল, এফসি গোয়ার মুখোমুখি হয়েছে।

--------------------------------------------------------------------------------

ভোটার তালিকায় যোগ্য ভোটারদের নাম থাকা সুনিশ্চিত করার লক্ষ্যে প্রতিটি বুথে BLO দের সঙ্গে BLA-টু দের বৈঠক সেরে ফেলার জন্য রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক নির্দেশ দিয়েছেন। ১১ই ডিসেম্বর এনুমারেশন মেয়াদকাল শেষ হওয়ার আগে এই বৈঠক করতে হবে। গতকাল রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল গতকাল ভিডিও কনফারেন্সের মাধ্যমে জেলা নির্বাচনী আধিকারিকদের এই নির্দেশ দিয়েছেন। পাশাপাশি, প্রতিটি বুথে বারশো ভোটদাতা রাখার প্রেক্ষিতে ভোট কেন্দ্র গুলির পক্ষপাতহীন বিন্যাস অবিলম্বে চূড়ান্ত করতেও বলা হয়েছে। বহুতল ভবন, হাউজিং কমপ্লেক্স, কলোনি ও সোসাইটি গুলির মধ্যে থেকে নতুন ভোট গ্রহণ কেন্দ্র খোলার প্রস্তাব জমা দিতেও বলা হয়েছে।

উল্লেখ্য, গত শুক্রবার মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার SIR কর্মসূচি নিয়ে ১২ টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের মুখ্য নির্বাচনী আধিকারিক দের সঙ্গে বৈঠকে যে নির্দেশ দিয়েছেন তার প্রেক্ষিতে গতকালের বৈঠক বলে জানিয়েছে কমিশন।

--------------------

মাধ্যমিকের রেজিস্ট্রেশন সময়ে না করায় বেশ কিছু স্কুলকে জরিমানা করেছে মধ্যশিক্ষা পর্ষদ। প্রায় ৫০ টি স্কুলকে পড়ুয়া পিছু ৫০০০ টাকা করে জরিমানা ধার্য করেছে পর্ষদ। শিক্ষা দপ্তর এ ব্যাপারে কোনরকম হস্তক্ষেপ করবে না বলে জানিয়েছে। আদালতের নির্দেশেই এই পদক্ষেপ করা হয়েছে বলে পর্ষদ সূত্রে জানা গেছে।

উল্লেখ্য ওই সব স্কুলগুলি এবারের মাধ্যমিকের জন্য পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন সময়ের মধ্যে করেনি। অতিরিক্ত সময়ে দেওয়ার পরেও রেজিস্ট্রেশন না হওয়ায় কড়া ব্যবস্থা নিয়েছে পর্ষদ।

---------------------

কলকাতায় আজ সনাতন সংস্কৃতি সংসদের উদ্যোগে পাঁচ লক্ষ কণ্ঠে গীতা পাঠ অনুষ্ঠিত হয়েছে। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জ্ঞানানন্দ মহারাজ। ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে, প্রদীপ প্রজ্জ্বলনের মধ্যে দিয়ে মূল অনুষ্ঠানের সূচনা হয়। গীতা পাঠের আগে বেদ পাঠ আয়োজন করা হয়। এরপর ধর্মীয় ভক্তিগীতি, শোভাযাত্রার পর মঞ্চে ভাগবদগীতা প্রতিষ্ঠা ও আরতি করা হয়। সাধু সন্তদের প্রবচনের পর গীতা পাঠ শুরু হয়। প্রথম, নবম ও শেষ তথা অষ্টাদশ অধ্যায় সমবেত কণ্ঠে পাঠ করা হয় আজকের অনুস্থানে।

রাজ্যপাল সি ভি আনন্দ বোস আজকের অনুষ্ঠানে উপস্থিত হয়ে গীতাপাঠে অংশ নেন।

রাজ্যপাল – গীতা শ্লোক

কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী সহ বিজেপির রাজ্য নেতৃত্ব অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানের আগে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে শ্রী মজুমদার বলেন, গীতা পাঠ সমগ্র হিন্দুদের একত্রিত করার অনুষ্ঠানে পরিণত হয়েছে। পশ্চিমবঙ্গের বর্তমান পরিস্থিতিতে হিন্দুদের রক্ষায় গীতা পাঠ বিশেষ প্রয়োজন।

---------------------

ব্রিগেডে আজ গীতা পাঠ কর্মসূচী প্রসঙ্গে প্রবীন কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী বলেন, রাজ্যে সম্প্রীতির বাতাবরণ বজায় রাখা জরুরী। দেশ ও রাজ্যের মানুষের স্বার্থে আমাদের এই দায়িত্ব পালন করতে হবে।

এদিকে, সিপিআইএম-এর কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী এই অনুষ্ঠানকে একটি রাজনৈতিক কর্মসূচী বলে উল্লেখ করেন।

এসইউসিআই কমিউনিস্টের রাজ্য সম্পাদক চন্ডীদাস ভট্টাচার্য্য, ৫ লক্ষ কন্ঠে মন্ত্রপাঠের সমালোচনা করেন। তিনি বলেন, আগামী নির্বাচনের প্রাক্কালে এই ধরনের কাজ রাজ্যের ঐতিহ্য বিরোধী।

---------------------

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আগামীকাল দু'দিনের সফরে কোচবিহার যাচ্ছেন। তিনি কোচবিহার রবীন্দ্র ভবনে একটি প্রশাসনিক বৈঠকে অংশ নেবেন। এরপর, রাতে কোচবিহার সার্কিট হাউজে থাকার পর মঙ্গলবার সকালে কোচবিহার রাসমেলা ময়দানে একটি রাজনৈতিক জনসভায় তাঁর যোগ দেওয়ার কথা। আগামী ১১ তারিখ মুখ্যমন্ত্রী নদীয়ার কৃষ্ণনগরে পদযাত্রা ও জনসভায় অংশ নেবেন।

এদিকে, মুখ্যমন্ত্রীর সফর ঘিরে কোচবিহার সফর জুড়ে নিরাপত্তা ব্যবস্থা আঁটোসাটো করা হয়েছে।

---------------------

ভারতীয় সেনা এবছরও ১৬ই ডিসেম্বর, ১৯৭১সালের যুদ্ধ জয়ের স্মরণে বিজয় দিবস পালন করবে। এই উপলক্ষে কলকাতায় সেনার পূর্বাঞ্চলীয় কমান্ডের সদর দপ্তরে আজ এক সাংবাদিক বৈঠকে মেজর জেনারেল বনগুরু রঘু ১৯৭১সালের যুদ্ধের গৌরবময় ইতিহাসের কথা তুলে ধরেন। তিনি ভারতীয় সেনার সাহসিকতা এবং আত্মত্যাগের কথার স্মরণ করিয়ে দেন। এবছর বাংলাদেশ থেকে কুড়ি জনের এক প্রতিনিধি দল অনুষ্ঠানে যোগ দেবেন। এরমধ্যে ৮জন মুক্তি যোদ্ধা ও দুজন সার্ভিং

অফিসার এবং তাদের পরিবারের সদস্যরা ১৪তারিখ কলকাতায় এসে পৌঁছাবেন। উল্লেখ্য,১৯৭১সালের বিজয়কে সম্মান জানাতে সেনার উদ্যোগে এক মোটরসাইকেল র‍্যালির আয়োজন করা হয়। পয়লা ডিসেম্বর গৌহাটি থেকে শুরু হয়ে আজ কলকাতায় এসে র‍্যালির শেষ হয়। র‍্যালির শেষ পর্বে নেতৃত্ব দেন ইস্টার্ন কমান্ডের জিওসিইনসি আর সি তিওয়ারি। র‍্যালির শেষে বিজয় স্মারকে এক অনুষ্ঠানে নিহত বীর সেনাদের প্রতি শ্রদ্ধা জানানো হয়।

--------------------

১৯৭১-এর ভারত পাকিস্তান যুদ্ধে শহীদ সাত ভারতীয় সেনার প্রতি শ্রদ্ধা জানিয়ে আজ নদীয়ার কৃষ্ণগঞ্জে খালবোয়ালিয়া মোড়ে সশস্ত্র বাহিনীর পতাকা দিবস পালন করা হয়। এই ঐতিহাসিক যুদ্ধের সময় যাঁরা দেশের জন্য জীবন উৎসর্গ করেছিলেন, তাঁদের স্মরণে সমাধিস্থলে পুষ্পার্ঘ নিবেদন করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন নদীয়ার জেলাশাসক সহ সেনাবাহিনীর আধিকারিকেরা।

--------------------

লোকসভায় আগামীকাল বন্দেমাতরমের সার্ধশততম বার্ষিকী নিয়ে একটি বিশেষ আলোচনা শুরু হবে। সরকারী সূত্রে খবর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বিতর্কের সূচনা করবেন। সংসদ বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু সংবাদ মাধ্যমে জানিয়েছেন, বেলা ১২-টা থেকে এই আলোচনা শুরু হবে।

উল্লেখ্য, লোকসভার অধ্যক্ষ ওম বিড়লার পৌরোহিত্যে সর্বদল বৈঠকে এও স্থির হয়েছে, ৮-ই ডিসেম্বর বন্দেমাতরম নিয়ে আলোচনা হবে। নির্বাচনী সংস্কার নিয়ে আলোচনা হবে ৯-ই ডিসেম্বর।

---------------------

রবীন্দ্র সদনে ২৫তম নাট্য মেলার আজ সূচনা হয়েছে।উদ্বোধনী অনুষ্ঠানে বিশিষ্ট নাট্য ব্যক্তিত্ব এবং রাজ্যের মন্ত্রী ব্রাত্য বসু বলেন, মানুষের সভ্যতার জাদুঘর মানুষের শিল্পকে সংরক্ষণ করে।

সমাজ মাধ্যমের রিলের প্রবেশ এবং ডিজিটাল আন্দোলন শিল্প কে ধ্বংস করছে বলে মনে করেন তিনি ।

বাইট

উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজ্যের আরো দুই মন্ত্রী ইন্দ্রনীল সেন এবং অরূপ বিশ্বাস। পশ্চিমবঙ্গ নাট্য একাডেমির সভাপতি নাট্যব্যক্তিত্ব দেব শংকর হালদার জানান, ১০ দিন ব্যাপী এই নাট্যোৎসবে ২৬ টি পূর্ণদৈর্ঘ্যের নাটক সহ মোট ১৬৩ টি নাটক মঞ্চস্থ হবে। বিশিষ্ট নাট্য ব্যক্তিত্ব তৃপ্তি মিত্র বাদল সরকার এবং ঋত্বিক ঘটকের জন্ম শতবার্ষিকী এবার উদযাপন করা হচ্ছে। রাজ্যের দশটি জায়গায় এর আগে এই নাট্যোৎসব হয়েছে বলে জানান অর্পিত ঘোষ। আজ উদ্বোধনী নাটক হিসেবে রবীন্দ্র সদনে মিনার্ভা নাট্য সংস্কৃতি চর্চার নতুন দল ব্রাত্য বসুর লেখা এবং অর্পিতা ঘোষের পরিচালনায় মাৎস্যন্যায় নাটকটি মঞ্চস্থ করে। গগনেন্দ্র শিল্প প্রদর্শশালায় তৃপ্তি মিত্র জন্মশতবর্ষ স্মরণে ' অপরাজিতা ' শীর্ষক প্রদর্শনীও আজ থেকে শুরু হল।

---------------------

মালদার, ভারত - বাংলাদেশ মহদিপুর আন্তর্জাতিক স্থলবন্দরে আজ বি এস এফ, নাকা চেকিংয়ের সময় মহম্মদ রজওয়ান নামে এক বাংলাদেশির কাছ থেকে ১৯ হাজার ৫০০ টাকার জাল নোট উদ্ধার করে। ধৃত ওই ব্যক্তি বাংলাদেশের

চাঁপাইনবাবগঞ্জ জেলার শিবগঞ্জ থানার অন্তর্গত খারিয়াল গ্রামের বাসিন্দা। পাসপোর্ট ও ভিসা দেখিয়ে ভারতে প্রবেশ করার সময় সে প্রহরারত বি এস এফ-এর ১৯৯ নং ব্যাটেলিয়নের জওয়ানদের হাতে ধরা পড়ে যায়। বি এস এফ তাকে ইংরেজবাজার থানার পুলিশের হাতে তুলে দেয়। আজ ধৃতকে মালদা ◌াদালতে তোলা হলে বিচারক ৫ দিনের পুলিশ হেফাজতের নির্দেশ দেন।

--------------------

মালদার কালিয়াচক থানার গোপালগঞ্জ ফাঁড়ির পুলিশ আজ জিয়াউল এবং সুরজিৎ মণ্ডল নামে দুই মাদক পাচারকারীকে গ্রেফতার করেছে। তাদের কাছ থেকে এক কেজি ২০০ গ্রামেরও বেশি ব্রাউন সুগার উদ্ধার করা হয়, যার বাজারমূল্য প্রায় এক কোটি টাকা। পুলিশ জানিয়েছে, কালিয়াচক থানার বাসিন্দা ওই দুই যুবককে সারদহ এলাকায় সন্দেহজনকভাবে ঘোরাঘুরি করতে দেখে জিজ্ঞাসাবাদ করা হয়। পুলিশ হেফাজত চেয়ে আজ তাদের মালদা জেলা আদালতে তোলা হয়েছে।

--------------------

কোচবিহারের হলদিবাড়ি থেকে পুলিশ আজ ধর্ম নারায়ণ রায় এবং অতুল রায় নামে দুই বাংলাদেশিকে আটক করেছে। হলদিবাড়ি শহরের ট্যাক্সি স্ট্যান্ড থেকে ওই দুই বাংলাদেশি শিলিগুড়ি যাবার পথে চামড়া গুদাম এলাকায়, গাড়ি চালকের তৎপরতায় তাদের প্রকৃত পরিচয় জানা যায়। পরে তাদের হলদিবাড়ি থানার পুলিশের হাতে তুলে দেওয়া হয়। ধৃত ওই দুই বাংলাদেশি পুলিশের কাছে স্বীকার করে, তারা বাংলাদেশের ঠাকুরগাঁও এলাকার বাসিন্দা।

--------------------

মধ্য কলকাতায় বউবাজারে বিবি গাঙ্গুলী স্ট্রীটে আজ দুপুরে একটি পুরনো বাড়ির সিঁড়ির চাতালের একাংশ ভেঙে পড়লে একজন আহত হন। বছর ৫৭-র আহত ঐ ব্যক্তি, পাপ্পু সিং-কে মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে গেলে প্রাথমিক চিকিৎসার পর তাকে ছেড়ে দেওয়া হয়। স্থানীয়দের অভিযোগ, মেট্রোরেলের চলাচলের কারণে ঐ অঞ্চলের বাড়িগুলির ক্ষতি হচ্ছে।

---------------------

উত্তুরে বাতাসের অবাধ প্রবেশে রাজ্য জুড়ে প্রায় সর্বত্রই সর্বনিম্ন তাপমাত্রা স্বাভাবিকের নিচে রয়েছে। আগামী এক সপ্তাহে তাপমাত্রা বিশেষ হেরফের হবে না বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে। আলিপুরে আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ১৫ দশমিক দুই ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের চেয়ে প্রায় দেড় ডিগ্রী কম। সর্বোচ্চ তাপমাত্রা ছিল স্বাভাবিকের থেকে দুই দশমিক দুই ডিগ্রি কম।

দক্ষিণবঙ্গে আজ সবথেকে কম সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে শ্রীনিকেতনে ৯ দশমিক ৮ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের চেয়ে চার দশমিক দুই ডিগ্রি কম।

উত্তরবঙ্গের আলিপুর দুয়ারে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ১১ ডিগ্রি সেলসিয়াস। এছাড়া দার্জিলিং পাহাড়ি এলাকায় তাপমাত্রা ছিল ৫ ডিগ্রি সেলসিয়াস। আগামী দু দিন উত্তরবঙ্গের প্রায় সব জেলাতেই সকালের দিকে হালকা থেকে মাঝারি কুয়াশার সম্ভাবনা রয়েছে।

---------------------

মারগাওয়ের পন্ডিত জহরলাল নেহেরু স্টেডিয়ামে আজ সন্ধ্যায় সুপার কাপ ফুটবলের ফাইনালে ইস্টবেঙ্গল - এফ সি গোয়ার মুখোমুখি হয়েছে। শেষ পাওয়া খবরে জানা গেছে, খেলা গোলশূন্য রয়েছে।

ইস্টবেঙ্গল ও এফ সি গোয়া দুই দলই তৃতীয়বার সুপার কাপের ফাইনাল খেলছে। এফ সি গোয়া গতবারের চ্যাম্পিয়ন। অন্যদিকে, ইস্টবেঙ্গল ২০২৪ সালে চ্যাম্পিয়ন হয়েছিলো।

-------------------- --------------------